



আয়ম খান সরকারি কমান্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd

তারিখ : ০২/০২/২০২১ খ্রি.

**২০১৮ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি**

২০১৮ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার আবেদন ফরম পূরণ নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট তারিখের পর আর কোন আবেদন ফরম পূরণ করা যাবে না। কলেজের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে পরীক্ষার আবেদন ফরম পূরণের সময় দেয় টাকার পরিমাণঃ

ক্রমিক নং	বিবরণ	নিয়মিত	বিশেষ পরীক্ষার্থী (২০১৪ সালের অকৃতকার্য ও ২০১৫ সালের অকৃতকার্য/মাউঃ)
১	পরীক্ষার্থী ফি	২০০০/-	প্রতি পত্র ৩০০/-
২	কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-	৪৫০/-
৩	মৌখিক পরীক্ষার ফিস (কলেজ+জাতীয় বিশ্বঃ)	(৭৫+২৫০)=৩২৫/-	৩২৫/-
৪	ইনকোর্স পরীক্ষার ফিস (কলেজ+জাতীয় বিশ্বঃ)	(২০০+১০০)=৩০০/-	টিউটোরিয়াল পরীক্ষা পত্র প্রতি কলেজ+জাতীয় বিশ্বঃ = (১৫০+৫০) = ২০০/-
৫	নম্বরপত্র ফি	৩০০/-	
৬	বিশেষ অন্তর্ভুক্ত ফিস	-	৩০০/-
৭	কলেজের পাওনা বেতন (৩০ x ৪)	১২০/-	-
৮	সোনালী সেবা খরচ	৫/-	৫/-
৯	ব্যবস্থাপনা ফি	৫০/-	৫০/-
	মোট =	৩৫৫০/-	

আবেদন ফরম সংগ্রহ ও জমা দানের তারিখ :

ক) হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ : ২৪/০২/২০২১ খ্রি.।

**পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ**

৪। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অন-লাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত তেঙ্গে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

গ) পরীক্ষার্থীকে সঠিকতার সহিত নিজ দায়িত্বে পত্রকোড এন্ট্রি দিতে হবে। যেসব কোর্সে একাধিক কোর্স থেকে কোর্স নির্বাচনের বিধান আছে সেক্ষেত্রে কোর্স নির্বাচন সঠিকভাবে করতে হবে। ফরম পূরণের পর কোর্স পরিবর্তন করা যাবে না।

৫। আবেদন ফরম নিশ্চয়নের নিয়মাবলী (কলেজের জন্য) :

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অন-লাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা-তা সম্ভব পরীক্ষার্থীদের তালিকা (Probable List) সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইটে College Login এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।


খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে উক্ত পরীক্ষার্থীর টার্মপেপার (প্রয়োজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধুমাত্র কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে অন-লাইনে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) প্রিলিমিনারী টু মাস্টার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর যথাযথভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

ঙ) টার্মপেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও মাথ ল্যাব পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান, আন্তঃ ও বহিঃ পরীক্ষক কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসেবে ধরা হবে।

প্রতি স্বাক্ষরিত




অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

আয়ম খান সরকারি কমান্স কলেজ

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

আয়মখান সরকারি কমান্স কলেজ

খুলনা।



আহবায়ক

২০১৮ সালের এম বি এল-১ম পর্ব পরীক্ষা  
কমিটি।